ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫২৯

সোনামুড়া, ১ নভেম্বর, ২০২৫

**রেগায় মোহনভোগ ব্লকে বিভিন্ন কর্মসূচি রূপায়িত**

এমজিএন রেগায় চলতি অর্থ বছরে মোহনভোগ ব্লকের দক্ষিণ তৈবান্দাল এডিসি ভিলেজ এবং ঘ্রাণতলী গ্রাম পঞ্চায়েত এলাকায় বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হয়েছে। এর মধ্যে দক্ষিণ তৈবান্দাল এডিসি ভিলেজ এলাকাতে ২ জন সুবিধাভোগী কৃষকের পতিত জমি কৃষি কাজের জন্য সমতল করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ৩ লক্ষ ১ হাজার ৭৮৫ টাকা। ঘ্রাণতলী পঞ্চায়েত এলাকাতে একটি মিনি ওয়াটার পারকোলেশন ট্যাংক খনন করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ৭২৪ টাকা। কৃষি কাজের সুবিধার জন্য ৪ জন কৃষকের জমি থেকে বর্জ্য সরানো হয়েছে। ব্যয় হয়েছে ৪ লক্ষ ১ হাজার ৭৫৭ টাকা। মোহনভোগ ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****